

জেলা শিল্পকলা একাডেমি ঝিনাইদহের

আগস্ট ২০২৩ মাসের প্রতিবেদন।

০৫ আগস্ট ২০২৩: শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমি, ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে। জেলা শিল্পকলা একাডেমির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা কালচারাল অফিসার, মোঃ জসিম উদ্দিন প্রশিক্ষক এবং কর্মচারীবৃন্দ। এছাড়া বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ঐর ৭৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসনের আয়োজনে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে প্রীতি ফুটবল ও ভলিবল ম্যাচ অনুষ্ঠিত হয়।



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ঐর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন: ০৮ আগস্ট ২০২৩: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ঐর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমি, ঝিনাইদহ প্রাঙ্গনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে। জেলা শিল্পকলা একাডেমির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা কালচারাল অফিসার, মোঃ জসিম উদ্দিন, প্রশিক্ষক এবং কর্মচারীবৃন্দ।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী উদযাপন: ১৫ আগস্ট ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে মুজিব চত্বরে জাতির পিতার আবক্ষ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গনে ‘শ্বশ্বত প্রেরণা’ বঙ্গবন্ধুর ভাঙ্কর্যে পুষ্পমাল্য দেয়া হয়। জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে সন্ধ্যায় আলোচনা সভা, চেক বিতরণ, পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ঝিনাইদহ -১।, অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোছাঃ খালেদা খানম, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন, ঝিনাইদহ -২৭। জনাব মোঃ আজিম-উল-আহসান, পুলিশ সুপার, ঝিনাইদহ, জনাব সাইদুল করিম মিন্টু, সাধারণ সম্পাদক, জেলা আওয়ামী লীগ, ঝিনাইদহ জেলা শাখা, জনাব মোঃ এম হারুন অর রশিদ, চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝিনাইদহ, জনাব মোঃ কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, মেয়র, ঝিনাইদহ পৌরসভা, বীর মুক্তিযোদ্ধা মোঃ মকবুল হোসেন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ঝিনাইদহ জেলা ইউনিট কমান্ড। অনুষ্ঠানে সভাপতি ছিলেন জনাব এস.এম. রফিকুল ইসলাম, জেলা প্রশাসক, ঝিনাইদহ।

